

আজ থেকে প্রাথমিক শিক্ষকদের ফের অনিদিষ্টকালের কর্মবিরতি

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী
শিক্ষকরা তিন দফা দাবিতে আজ বৃহস্পতিবার
থেকে ফের পূর্ণদিবস কর্মবিরতির কর্মসূচিতে
যাচ্ছেন। এবার তাঁরা অনিদিষ্টকালের
কর্মবিরতির ডাক দিয়েছেন। এতে দেশের সাড়ে
৬৫ হাজার বিদ্যালয়ে আবারও ক্লাস বন্ধ হয়ে
যাচ্ছে। আগামী মাস থেকে শুরু হতে যাওয়া
বার্ষিক পরীক্ষাও অনিশ্চিত হয়ে পড়ছে।

গতকাল বুধবার প্রাথমিক শিক্ষক দাবি
বাস্তবায়ন পরিষদের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা
হয়েছে, আগামী রবিবার থেকে প্রাথমিক

শিক্ষকদের লাগাতার কর্মবিরতি শুরু হওয়ার
কথা থাকলেও তা এগিয়ে ২৭ নভেম্বর
বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। সহকারী
শিক্ষকদের ১১তম প্রেডসহ তিনি দফা বাস্তবায়ন
না হওয়া পর্যন্ত পূর্ণদিবস কর্মবিরতি কর্মসূচি
চলবে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, গত ৯ নভেম্বর
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ
উৎর্বর্তন কর্মকর্তা এবং ১০ নভেম্বর অর্থ
মন্ত্রণালয়ের উৎর্বর্তন কর্মকর্তাদের সঙ্গে শিক্ষক
নেতাদের বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকের
সিদ্ধান্ত অনুযায়ী ১১তম প্রেডের প্রজ্ঞাপন জারি
ও অন্যান্য দাবি বাস্তবায়নে কার্ডিন্ট অগ্রগতি
না হওয়ায় প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন
পরিষদ এই কর্মবিরতি এগিয়ে আনার সিদ্ধান্ত
নিয়েছে।

শিক্ষকদের দাবিগুলো হচ্ছে—সহকারী
শিক্ষকদের বেতন ক্ষেত্রে ১১তম প্রেডে নির্ধারণ,
১০ ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর প্রেড প্রাপ্তির
বিষয়ে জটিলতার অবসান এবং সহকারী শিক্ষক
থেকে প্রধান শিক্ষক পদে শতভাগ বিভাগীয়
পদোন্নতি।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্যানুযায়ী, সারা
দেশে বর্তমানে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের
সংখ্যা ৬৫ হাজার ৫৬৯টি। এসব বিদ্যালয়ে
কর্মরত শিক্ষক তিন লাখ ৮৪ হাজারের বেশি।
আর শিক্ষার্থীর সংখ্যা প্রায় এক কোটিরও বেশি।